

দৈনিক করতোয়া

The Daily Karatoa

বৃহস্পতিবার ২৩ আশ্বিন ১৪২৭ : ৮ অক্টোবর ২০২০

www.ekaratoa.com

আদমদীঘিতে মৎস্য অফিসের উদ্যোগে পিকআপ ও মৎস্য উপকরণ বিতরণ

আদমদীঘি (বগুড়া) প্রতিনিধি : ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) মৎস্য অধিদপ্তর অঙ্গের আওতায় বগুড়ার আদমদীঘি উপজেলা মৎস্য উৎপাদনকারী সমবায় সমিতি লিমিটেড (পিও)'র মাঝে জীবিত মাছ পরিবহনের জন্য পিকআপ ভ্যান বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে আদমদীঘি উপজেলা চত্বরে এসব সামগ্রী বিতরণ করেন প্রধান অতিথি রাজশাহী বিভাগীয় মৎস্য উপ-পরিচালক তোফাজ্জউদ্দীন আহমেদ। এসময় উপস্থিত ছিলেন জেলা মৎস্য অফিসের আনোয়ারুল কবির আহমেদ, উপজেলা চেয়ারম্যান সিরাজুল ইসলাম খান রাজু, উপজেলা নির্বাহী অফিসার সীমা শারমিন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সজ্জয় পাল, কৃষি কর্মকর্তা মিতু চন্দ্র অধিকারি, সৃজন চন্দ্র বর্মন, বিপুল সরকার, রফিকুল ইসলাম প্রমুখ। যান্ত্রিকীকরণের মাধ্যমে আধানিবীড় মৎস্যচাষ প্রকল্পের উপকরণও বিতরণ করা হয়।

দৈনিক মুক্তিযুদ্ধের চেতনায় সমৃদ্ধ আগামীর পথে...

উত্তরের দৃষ্টি

বগুড়া : বৃহস্পতিবার :: ৮ অক্টোবর ২০২০ :: ২৩ আশ্বিন ১৪২৭

মৎস্য অধিদপ্তর অনুদানপ্রাপ্ত আদমদীঘিতে পিকআপ ভ্যান ও উপকরণ বিতরণ

আদমদীঘি (বগুড়া) প্রতিনিধি: ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) মৎস্য অধিদপ্তর অংগের (এআইএফ) অনুদানপ্রাপ্ত উপ-প্রকল্পের আওতায় বগুড়ার আদমদীঘি উপজেলা মৎস্য উৎপাদনকারী সমবায় সমিতি লিমিটেড এর মাঝে জীবিত মাছ পরিবহনের জন্য পিকআপ ভ্যান ও ভাই ভাই মৎস্য খামারে যান্ত্রিক করনের মাধ্যমে উন্নতি প্রযুক্তিতে মাছ চাষের জন্য এয়ারেট, সাবমারসিবল পানির পাম্প ও ড্রাম বিতরণ করা হয়েছে। গতকাল বুধবার দুপুরে আদমদীঘি উপজেলা চত্বরে রাজশাহী বিভাগীয় উপ-পরিচালক পিকআপ ভ্যানের চাবি হস্তান্তর ও বিভিন্ন উপকরণ বিতরণ করেন। উপজেলা মৎস্য অফিসের আয়োজনে এলফে এক আলোচনা সভা উপজেলা হলরুমে সিনিয়র মৎস্য কর্মকর্তা সুজয় পালের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-২ প্রজেক্ট (এনএটিপি-২) রাজশাহী বিভাগীয় উপ-পরিচালক তোফাজ উদ্দীন আহমেদ, বিশেষ অতিথির বক্তব্য রাখেন বগুড়া জেলা মৎস্য কর্মকর্তা সরকার আনোয়ারুল কবির আহমেদ, আদমদীঘি উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব সিরাজুল ইসলাম খান রাজু, উপজেলা নির্বাহী অফিসার সীমা শারমিন, সহকারী কমিশনার (ভূমি) মাহবুবা হক, উপজেলা কৃষি অফিসার মিঠু চন্দ্র অধিকারী, মৎস্য সম্প্রসারণ অফিসার সুজন কুমার বর্মন, বিশিষ্ট মৎস্য ব্যবসায়ী আলহাজ্ব বেলাল হোসেন সরদার, মৎস্য উৎপাদনকারী সমবায় সমিতির সভাপতি রফিকুল ইসলাম, সম্পাদক রুবেল সরকার জুয়েল, মৎস্য ক্ষেত্র সহকারী বিপুল কুমার সরকার প্রমুখ।